ঢাকা উত্তর সিটি কর্পোরেশন
প্লট নং-২৩-২৬, রোড-৪৬, গুলশান-২, ঢাকা।
www.dncc.gov.bd

শহিদ বুদ্ধিজীবী দিবস ২০২৪ পালন উপলক্ষ্যে কর্মসূচি প্রণয়ন ও বাস্তবায়নের লক্ষ্যে অনুষ্ঠিত প্রস্তুতিমূলক সভার কার্যবিবরণী।

সভাপতি	: জনাব মীর খায়রুল আলম, প্রধান নির্বাহী কর্মকর্তা, ঢাকা উত্তর সিটি কর্পোরেশন।
তারিখ	: ২৫ অগ্রহায়ণ ১৪৩১ বঙ্গাব্দ ।। ০৮ ডিসেম্বর ২০২৪
সময়	: বেলা ৩.০০ ঘটিকা
স্থান	: সভাকক্ষ, ৮ম তলা, নগর ভবন, গুলশান-২, ঢাকা-১২১২

সভায় উপস্থিতির তালিকা **পরিশিষ্ট "ক"**

সভার প্রারম্ভে সভাপতি কর্তৃক সকলকে শ্রদ্ধাজ্ঞাপন করা হয়। সভায় উপস্থিত সকলের উদ্দেশ্যে ১৯৭১ সালের ১৪ ডিসেম্বর বাংলাদেশের প্রথিতযশা ও খ্যাতনামা বুদ্ধিজীবীদের নির্বিচারে হত্যা করে জাতিকে মেধাশূন্য করার যে অপচেষ্টা করা হয়েছিল তার বিবরণ দেওয়া হয়। তাঁদের আত্মত্যাগের কথা গভীর শ্রদ্ধার সাথে স্মরণ করে দিবসটি অত্যন্ত গুরুত্বের সাথে পালনের উদ্দেশ্যে সংশ্লিষ্ট সকলের সহযোগিতা কামনা করা হয়।

আগামী ১৪ ডিসেম্বর ২০২৪ তারিখ শহিদ বুদ্ধিজীবী দিবস যথাযোগ্য মর্যাদা ভাব গাম্ভীর্যের সাথে পালনের লক্ষ্যে ঢাকা উত্তর সিটি কর্পোরেশনের কর্মসূচি প্রণয়ন ও বাস্তবায়নের লক্ষ্যে সভায় বিস্তারিত আলোচনার পর নিম্নরূপ সিদ্ধান্ত গৃহীত হয়:

(ক) মিরপুর শহিদ বুদ্ধিজীবী স্মৃতিসৌধের বিষয়ে বিস্তারিত আলোচনা:

ক্র.	কর্মসূচি	বাস্তবায়নকারী/সহযোগিতায়
০১	১৪ ডিসেম্বর ২০২৪ সকাল ৭.০৫ টা মিরপুর শহিদ বুদ্ধিজীবী স্মৃতিসৌধে মহামান্য রাষ্ট্রপতি কর্তৃক পুষ্পস্তবক অর্পণ।	ক) প্রধান প্রকৌশলী, ডিএনসিসি খ) প্রধান বর্জ্য ব্যবস্থাপনা কর্মকর্তা, ডিএনসিসি গ) আঞ্চলিক নির্বাহী কর্মকর্তা, অঞ্চল-০৪, ডিএনসিসি।
০২	১৪ ডিসেম্বর ২০২৪ সকাল ৭.০৬ টা মিরপুর শহিদ বুদ্ধিজীবী স্মৃতিসৌধে মাননীয় প্রধান উপদেষ্টা কর্তৃক পুষ্পস্তবক অর্পণ।	ক) প্রধান প্রকৌশলী, ডিএনসিসি খ) প্রধান বর্জ্য ব্যবস্থাপনা কর্মকর্তা, ডিএনসিসি গ) আঞ্চলিক নির্বাহী কর্মকর্তা, অঞ্চল-০৪, ডিএনসিসি।
০৩	১৪ ডিসেম্বর ২০২৪ সকাল ৭.২২ টা মিরপুর শহিদ বুদ্ধিজীবী স্মৃতিসৌধে মুক্তিযুদ্ধ বিষয়ক মন্ত্রণালয়ের মাননীয় উপদেষ্টার নেতৃত্বে শহিদ পরিবারের সদস্যবৃন্দ এবং উপস্থিত মুক্তিযোদ্ধাগণ কর্তৃক পুষ্পস্তবক অর্পণ। (মুক্তিযুদ্ধ বিষয়ক মন্ত্রণালয়ে অনুষ্ঠিত আন্ত:মন্ত্রণালয় সভার সিদ্ধান্ত)	ক) প্রধান প্রকৌশলী, ডিএনসিসি খ) প্রধান বর্জ্য ব্যবস্থাপনা কর্মকর্তা, ডিএনসিসি গ) আঞ্চলিক নির্বাহী কর্মকর্তা, অঞ্চল-০৪, ডিএনসিসি।
০৪	মিরপুর শহিদ বুদ্ধিজীবী স্মৃতিসৌধের প্রয়োজনীয় সংস্কার, মেরামত, পরিষ্কার-পরিচ্ছন্নকরণ ও রং করার কাজ নির্ধারিত সময়ের এক সপ্তাহ আগে অবশ্যই সুচারুরূপে সম্পন্ন করতে হবে। সভায় আলোচনা হয় যে, প্রতিবছরই দিবসের আগের দিন স্মৃতিসৌধের রং এর কাজ ও অন্যান্য সংস্কার কাজ সম্পন্ন হয়ে থাকে, ফলে দিবস পালনের দিন রং উঠতে শুরু করে। এমনটি যেন না হয় সেদিকে সতর্ক দৃষ্টি রাখতে হবে।	ক) প্রধান প্রকৌশলী, ডিএনসিসি খ) প্রধান বর্জ্য ব্যবস্থাপনা কর্মকর্তা, ডিএনসিসি।
০৫	মিরপুর শহিদ বুদ্ধিজীবী স্মৃতিসৌধ এলাকা (ক) প্রবেশ মুখ ও তদসংলগ্ন রাস্তা-ঘাট ফুটপাত মেরামত ও পরিষ্কার-পরিচ্ছন্নকরণ; (খ) সড়ক বাতি স্থাপন/প্রতিস্থাপন ও সচল রাখার প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ; (গ) উক্ত এলাকার রোড মিডিয়ানের সৌন্দর্যবর্ধণের কাজ নির্ধারিত সময়ের পূর্বে সম্পন্ন করতে হবে।	ক) প্রধান প্রকৌশলী, ডিএনসিসি খ) তত্ত্বাবধায়ক প্রকৌশলী (বিদ্যুৎ), ডিএনসিসি গ) তত্ত্বাবধায়ক প্রকৌশলী (পরিবেশ, জলবায়ু ও দুর্যোগ ব্যবস্থাপনা সার্কেল) সৌন্দর্যবর্ধন সেল, ডিএনসিসি

ক্র.	কর্মসূচি	বাস্তবায়নকারী/সহযোগিতায়
০৬	(ক) মিরপুর মাজার রোড থেকে স্মৃতিসৌধে প্রবেশ পথের দু'পাশের স্তম্ভে এবং পার্শ্ববর্তী স্থাপনার দেয়ালে সাঁটানো পোস্টার/লিফলেট/ব্যানার/ফেস্টুন অপসারণসহ প্রয়োজনীয় সংস্কার, মেরামত ও রং করার কাজ যথাসময়ের মধ্যে সম্পন্ন করতে হবে। (খ) মাজার রোডসহ শহিদ বুদ্ধিজীবী স্মৃতিস্তম্ভের সকল প্রবেশ পথ/সড়ক ও আশেপাশের এলাকা যথাযথভাবে পরিষ্কার-পরিচ্ছন্ন রাখার ব্যবস্থা করতে হবে।	ক) প্রধান প্রকৌশলী, ডিএনসিসি খ) প্রধান বর্জ্য ব্যবস্থাপনা কর্মকর্তা, ডিএনসিসি
০৭	পুষ্পস্তবক অর্পণ অনুষ্ঠানটি শীতকালে ও খুব ভোরে হওয়ায় ঐ সময় বেদীতে অনেক কুয়াশা পড়ে। স্থাপনাটি পুরাতন এবং সংস্কার না হওয়ায় বেদীর সিঁড়িগুলো পিচ্ছিল হয়ে যায়। ফলে, দুর্ঘটনার আশংকা থাকে। দুর্ঘটনা এড়ানোর লক্ষ্যে বেদীর সিঁড়িগুলো শুকনো রাখার প্রয়োজনীয় ব্যবস্থা করতে হবে।	ক) প্রধান বর্জ্য ব্যবস্থাপনা কর্মকর্তা, ডিএনসিসি
০৮	মিরপুর শহিদ বুদ্ধিজীবী স্মৃতিসৌধ এলাকায় অবস্থিত পুকুর এবং ২ জন বীরশ্রেষ্ঠ এর সমাধি সংস্কারসহ অন্যান্য শহিদ বুদ্ধিজীবীদের সমাধিতে নামফলক স্থাপন, সমাধিস্থল ও বেষ্টনী পরিষ্কার-পরিচ্ছন্ন রাখার বিষয়ে প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করতে হবে। এ বিষয়ে গণপূর্ত অধিদপ্তরের সাথে সমন্বয় করে কাজটি সম্পন্ন করতে হবে।	ক) প্রধান প্রকৌশলী, ডিএনসিসি খ) প্রধান বর্জ্য ব্যবস্থাপনা কর্মকর্তা, ডিএনসিসি
০৯	মিরপুর শহিদ বুদ্ধিজীবী স্মৃতিসৌধের ভিআইপি প্রক্ষালণ কক্ষটি পরিষ্কার-পরিচ্ছন্ন রাখতে হবে।	ক) প্রধান বর্জ্য ব্যবস্থাপনা কর্মকর্তা, ডিএনসিসি
১০	আগত সর্বসাধারণের ব্যবহারের জন্য মোবাইল টয়লেটের ব্যবস্থা করতে হবে।	ক) তত্ত্বাবধায়ক প্রকৌশলী (যান্ত্রিক), ডিএনসিসি
১১	সংশ্লিষ্ট এলাকার রাস্তায় যাতে ধুলাবালি না উড়ে, সেজন্য সড়কে পানি ছিটানোর অগ্রিম ব্যবস্থা করতে হবে। তবে রাস্তায় পানি ছিটানোর কারণে যেন কাঁদা সৃষ্টি না হয় সেদিকে সতর্ক দৃষ্টি রাখতে হবে।	ক) তত্ত্বাবধায়ক প্রকৌশলী (যান্ত্রিক), ডিএনসিসি
১২	শহিদ বুদ্ধিজীবী দিবসের ০২ (দুই) দিন পূর্ব থেকে মিরপুর শহিদ বুদ্ধিজীবী স্মৃতিসৌধ এলাকায় মশার কীটনাশক ছিটাতে হবে।	ক) প্রধান স্বাস্থ্য কর্মকর্তা, ডিএনসিসি
১৩	(ক) শহিদ বুদ্ধিজীবী দিবসে মাননীয় প্রশাসক মহোদয় কর্তৃক শ্রদ্ধা জ্ঞাপনের জন্য একটি পুষ্পস্তবক ও ব্যানার তৈরি করে রাখতে হবে। (খ) অনুষ্ঠানের সাথে সম্পৃক্ত কর্মকর্তা/কর্মচারীদের প্রবেশের জন্য এসবি পাশের ব্যবস্থা নিশ্চিত করতে হবে।	ক) প্রধান সমাজকল্যাণ ও বস্তি উন্নয়ন কর্মকর্তা, ডিএনসিসি খ) নিরাপত্তা কর্মকর্তা, ডিএনসিসি
১৪	মাননীয় প্রশাসক, প্রধান নির্বাহী কর্মকর্তাসহ সকল বিভাগীয় প্রধান, সকল আঞ্চলিক নির্বাহী কর্মকর্তা, প্রশাসক মহোদয়ের একান্ত সচিব এবং সংশ্লিষ্ট কর্মকর্তা/কর্মচারীদের জন্য এসবি পাশ সংগ্রহের ব্যবস্থা গ্রহণ করতে হবে।	ক) প্রধান সমাজকল্যাণ ও বস্তি উন্নয়ন কর্মকর্তা, ডিএনসিসি খ) নিরাপত্তা কর্মকর্তা, ডিএনসিসি
১৫	শহিদ বুদ্ধিজীবী স্মৃতিসৌধ চত্বরে প্রয়োজনীয় সংখ্যক মেডিকেল ক্যাম্প স্থাপন করতে হবে।	ক) প্রধান স্বাস্থ্য কর্মকর্তা, ডিএনসিসি
১৬	অনুষ্ঠানস্থলে লাউড স্পীকার/শব্দযন্ত্র ব্যবহার না করা এবং অনুষ্ঠান চলাকালীন সময়ে ধারাভাষ্য মঞ্চ ব্যতীত নিকটবর্তী স্থানে মাইক/লাউড স্পীকার ব্যবহার না করা বা বন্ধ রাখার বিষয়ে প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য সংশ্লিষ্ট সকলকে অনুরোধ জানানো হয়।	ক) প্রধান প্রকৌশলী, ডিএনসিসি খ) প্রধান সম্পত্তি কর্মকর্তা, ডিএনসিসি গ) সংশ্লিষ্ট আঞ্চলিক নির্বাহী কর্মকর্তা
১৭	অনুষ্ঠানস্থল ও পার্শ্ববর্তী এলাকায় মোবাইল কোর্ট পরিচালনাসহ সার্বিক ব্যবস্থাপনা নিশ্চিত করতে হবে।	ক) আঞ্চলিক নির্বাহী কর্মকর্তা, অঞ্চল-০৪
১৮	স্মৃতিসৌধ এলাকায় সিসিটিভি স্থাপন এবং তা মনিটরিং করার প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করতে হবে।	ক) প্রধান প্রকৌশলী, ডিএনসিসি খ) সিস্টেম এনালিস্ট, ডিএনসিসি
১৯	শহিদ বুদ্ধিজীবী দিবস উপলক্ষ্যে ১২ ডিসেম্বর থেকে ১৪ ডিসেম্বর ২০২৪ পর্যন্ত শহিদ বুদ্ধিজীবী স্মৃতিসৌধে পর্যাপ্ত আলোর ব্যবস্থা করার জন্য জেনারেটর স্থাপনের মাধ্যমে নিরবিচ্ছিন্ন বিদ্যুৎ সরবরাহ নিশ্চিত করতে হবে। প্রয়োজনে অতিরিক্ত জেনারেটর এর ব্যবস্থা রাখতে হবে।	ক) প্রধান প্রকৌশলী, ডিএনসিসি খ) তত্ত্বাবধায়ক প্রকৌশলী (বিদ্যুৎ), ডিএনসিসি

(খ) রায়ের বাজার বধ্যভূমি স্মৃতিসৌধের বিষয়ে বিস্তারিত আলোচনা:

ক্র.	কর্মসূচি	বাস্তবায়নকারী
০১	১৪ ডিসেম্বর ২০২৪ সকাল ৮.৩০ টা রায়ের বাজার বধ্যভূমি স্মৃতিসৌধে মুক্তিযুদ্ধ বিষয়ক মন্ত্রণালয়ের মাননীয় উপদেষ্টার নেতৃত্বে শহিদ পরিবারের সদস্যবৃন্দ এবং উপস্থিত মুক্তিযোদ্ধাগণ কর্তৃক পুষ্পস্তবক অর্পণ। (মুক্তিযুদ্ধ বিষয়ক মন্ত্রণালয়ে অনুষ্ঠিত আন্তঃমন্ত্রণালয় সভার সিদ্ধান্ত)	ক) প্রধান প্রকৌশলী, ডিএনসিসি খ) প্রধান বর্জ্য ব্যবস্থাপনা কর্মকর্তা, ডিএনসিসি
০২	(ক) রায়ের বাজার বধ্যভূমি প্রবেশ মুখ ও তদসংলগ্ন এলাকার রাস্তা-ঘাট ফুটপাত পরিষ্কার-পরিচ্ছন্নকরণ; (খ) সড়ক বাতি স্থাপন/প্রতিস্থাপন ও সচল রাখার প্রয়োজনীয় ব্যবস্থাগ্রহণ; (গ) এছাড়াও উক্ত এলাকার রোড মিডিয়ানের সৌন্দর্যবর্ধণের কাজ যথাসময়ের পূর্বে সম্পন্ন করতে হবে।	ক) প্রধান প্রকৌশলী, ডিএনসিসি খ) প্রধান বর্জ্য ব্যবস্থাপনা কর্মকর্তা, ডিএনসিসি
০৩	শহিদ বুদ্ধিজীবী দিবসের ০২ (দুই) দিন পূর্ব থেকে রায়ের বাজার বধ্যভূমি ও তদসংলগ্ন এলাকায় মশার কীটনাশক ছিটাতে হবে।	ক) প্রধান স্বাস্থ্য কর্মকর্তা, ডিএনসিসি
০৪	যথাযথ ভাবগাম্ভীর্য বজায় রেখে রায়ের বাজার বধ্যভূমি স্মৃতিসৌধে শ্রদ্ধা জানাতে আগত ব্যক্তি/সংগঠনকে নিয়মতান্ত্রিকভাবে শ্রদ্ধা প্রদানে সহায়তা করার ব্যবস্থা গ্রহণ করা।	ক) আঞ্চলিক নির্বাহী কর্মকর্তা, অঞ্চল-৫
০৫	স্মৃতিসৌধ এলাকায় সিসিটিভি স্থাপন এবং তা মনিটরিং করার প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করতে হবে। রায়ের বাজার বধ্যভূমি স্মৃতিসৌধ এলাকায় সিসিটিভির মাধ্যমে নিরাপত্তা ব্যবস্থা জোরদার করতে হবে।	ক) প্রধান প্রকৌশলী, ডিএনসিসি খ) সিস্টেম এনালিস্ট, ডিএনসিসি
০৬	শহিদ বুদ্ধিজীবী দিবস উপলক্ষ্যে ১২ ডিসেম্বর থেকে ১৪ ডিসেম্বর ২০২৪ পর্যন্ত রায়ের বাজার বধ্যভূমি স্মৃতিসৌধে পর্যাপ্ত আলোর ব্যবস্থা করার জন্য জেনারেটর স্থাপনের মাধ্যমে নিরবিচ্ছিন্ন বিদ্যুৎ সরবরাহ নিশ্চিত করতে হবে। প্রয়োজনে অতিরিক্ত জেনারেটর এর ব্যবস্থা রাখতে হবে।	ক) প্রধান প্রকৌশলী, ডিএনসিসি খ) তত্ত্বাবধায়ক প্রকৌশলী (বিদ্যুৎ), ডিএনসিসি
০৭	অনুষ্ঠানস্থল ও পার্শ্ববর্তী এলাকায় মোবাইল কোর্ট পরিচালনাসহ সার্বিক ব্যবস্থাপনা নিশ্চিত করতে হবে।	ক) আঞ্চলিক নির্বাহী কর্মকর্তা, অঞ্চল-০৫

সভায় আর কোন আলোচনা না থাকায় সভাপতি কর্তৃক শহিদ বুদ্ধিজীবী দিবস ২০২৪ যথাযোগ্য মর্যাদা ভাবগাম্ভীর্যের সাথে পালনে সকলের আন্তরিক সহযোগিতা কামনা করে সভার সমাপ্তি ঘোষণা করা হয়।।

১০/১২/২০২৪

মীর খায়রুল আলম
(অতিরিক্ত সচিব)
প্রধান নির্বাহী কর্মকর্তা
ঢাকা উত্তর সিটি কর্পোরেশন

নং: ৪৬.১০.০০০০.০০৬.২৩.১৭৩.১২ - ৮৭৭

তারিখ: ২৫ অগ্রহায়ণ ১৪৩১ / ১০ ডিসেম্বর ২০২৪

বিতরণ: কার্যার্থে (পদমর্যাদার ক্রমানুসারে নয়)।
০১. বিভাগীয় প্রধান (সকল), ...ঢাকা উত্তর সিটি কর্পোরেশন।
০২. আঞ্চলিক নির্বাহী কর্মকর্তা (সকল), অঞ্চল ....., ঢাকা উত্তর সিটি কর্পোরেশন।
০৩. প্রশাসক মহোদয়ের সদয় অবগতির জন্য তাঁর একান্ত সচিব, ঢাকা উত্তর সিটি কর্পোরেশন।
০৪. সচিবের একান্ত সচিব, স্থানীয় সরকার বিভাগ, বাংলাদেশ সচিবালয়, ঢাকা। সচিব মহোদয়ের সদয় অবগতির জন্য
০৫. সচিবের একান্ত সচিব, মুক্তিযুদ্ধ বিষয়ক মন্ত্রণালয়, সরকারি পরিবহন পুল ভবন, সচিবালয় লিংক রোড, ঢাকা। সচিব মহোদয়ের সদয় অবগতির জন্য।
০৬. তত্ত্বাবধায়ক প্রকৌশলী..ঢাকা উত্তর সিটি কর্পোরেশন।
০৭. জনাব,..।
০৮. সিস্টেম এনালিস্ট, ঢাকা উত্তর সিটি কর্পোরেশন (ডিএনসিসি'র ওয়েবসাইটে প্রকাশের জন্য অনুরোধ করা হলো)।
০৯. অফিস কপি।

১০.১২.২৪

মোহাম্মদ মামুন-উল-হাসান
সচিব (অ.দা.)
ফোন-৮৮৩৪৯৩০
secretary@dncc.gov.bd